

আল্লামা মোহাম্মদ বাকী বিল্লাহ আল-কাদেরী রহমাতুল্লাহি আলায়হি

আল্লামা বাকী বিল্লাহ আল-কাদেরী রহমাতুল্লাহি আলায়হি জন্মগ্রহণ করেন ১৯৬২ খ্রিস্টাব্দে। পিতা আলহাজ্ব শাখাওয়াত আলী। চার ভাই, চার বোনের মধ্যে তিনি ৫ম। তাঁর জন্ম, শৈশব, বেড়ে ওঠা নারায়ণগঞ্জের বন্দরে নিজস্ব পিতালয়ে। ছোটবেলা থেকেই তিনি ধর্মীয় রীতিনীতিপূর্ণ পারিবারিক পরিবেশে বেড়ে ওঠেন। মাদ্রাসায় অধ্যয়নকালীন থেকেই তিনি সুন্নীয়াতের সংস্পর্শে আসেন। আল্লামা আবেদ শাহ রহমাতুল্লাহি আলায়হি, আল্লামা তাহের শাহ (মাঃজিঃআঃ) সহ বহু পুণ্যবান বুয়ুগদের সংস্পর্শে থেকে ইসলাম ধর্মের মূল আকিদা আহলে সুন্নাহ ওয়াল জামাআত সম্পর্কে সম্যক বাস্তব জ্ঞান লাভ করেন। আল্লামা তৈয়্যব শাহ রহমাতুল্লাহি আলায়হি এর হাতে বায়াত গ্রহণের মাধ্যমে কাদেরিয়া তরিকায় দীক্ষালাভ এবং এর প্রচারে তিনি অক্লান্ত পরিশ্রম করেছেন। শৈশব থেকেই ওস্তাদুল ওলামা হাফেজ সিদ্দিকুর রহমান, আল্লামা খাজা আবু তাহের রহমাতুল্লাহি আলায়হি, আল্লামা এম. এ. জলিল প্রমুখ দেশবরেণ্য সুন্নী আলেমদের সাথে দেশের বিভিন্ন জায়গায় ওয়াজ মাহফিলে অংশ নেন এবং বক্তৃতার মাধ্যমে স্বীয় মেধার পরিচয় দেন। শুরু হয় বক্তা হিসেবে তার পথচলা। আমৃত্যু যেখানে তিনি একবার বক্তৃতা করেছেন সেখানে প্রতিবৎসর তাঁর বক্তৃতা শুনতে সেই অঞ্চলের মানুষের ছিল অপার আগ্রহ। তাঁর সাহসী ও নির্ভীক সিদ্ধান্তে বাংলাদেশের আনাচে-কানাচে মানুষ শিখেছে সুন্নীয়াতের মূল দর্শন সম্পর্কে আর শিখেছে মুসলমানদের মূল আকিদা 'সুন্নীয়াত' এবং এর বিরুদ্ধাচারণকারী বাতিলপন্থী ওহাবী, মওদুদী, খারেজিসহ বিভিন্ন সম্প্রদায়ের ভ্রান্ত আকিদা সম্পর্কে। তিনি আজীবন সাধনা করেছেন- রাসূলে পাক সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম এর দূশমন, ইয়াজিদপন্থি, আউলিয়াযেকেরাম বিরোধীদের হাত থেকে নিজের এবং অন্য মুসলমানদের ঈমান ও আমল হেফাজত করতে। এ

জন্য তিনি প্রতিদিন ছুটে বেড়িয়েছেন শহর, গঞ্জ, গ্রাম-গ্রামান্তরে। অপার পরিশ্রমী ক্ষণজন্মা এ সাহসী পুরুষ তাঁর জীবনের সিংহভাগ সময় ব্যয় করেছেন আল্লাহ ও তাঁর রাসূলের সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম সন্তুষ্টির জন্য। খেদমত করেছেন সুন্নী আলেম ও আউলিয়াযেকেরামের। বাংলাদেশের বিভিন্ন জায়গায় মাদ্রাসা, মসজিদ, খানকাহ, ইসলামী পাঠাগার ইত্যাদি নির্মাণে তাঁর ভূমিকা ছিল অপরিমীম। প্রধান ভূমিকা পালন করেন নারায়ণগঞ্জ ডি.আই.টিতে কাদেরিয়া তৈয়্যবিয়া তাহেরিয়া মাদ্রাসা প্রতিষ্ঠায়। তাঁর একান্ত প্রচেষ্টায় অতি অল্পসময়ে নারায়ণগঞ্জ জেলার বন্দর কবরস্থান সংলগ্ন এলাকায় নিজস্ব জমিতে গড়ে ওঠে জামেয়া গাউছিয়া তৈয়্যবিয়া তাহেরিয়া মাদ্রাসা। তাঁর জীবনের সমস্ত আয় তিনি এ মাদ্রাসা প্রতিষ্ঠার পেছনে ব্যয় করেছেন। পরিবারের জন্য কোথাও জমা রাখেননি একটি কর্পদক পর্যন্ত। ইসলামী শিক্ষা বিস্তারে উৎসর্গ করেছেন নিজেকে। আহলে সুন্নাহ ওয়াল জামাআতের কেন্দ্রীয় যুগ্ম মহাসচিব, নারায়ণগঞ্জ জেলা শাখার সভাপতি, বাংলাদেশ ইসলামী ছাত্রসেনা নারায়ণগঞ্জ জেলার সাধারণ সম্পাদক, বাংলাদেশ ইসলামী ক্রুন্টের সহ-সাংগঠনিক সম্পাদক, আনজুমান-এ-রহমানিয়া আহমদিয়া সুন্নীয়ার সদস্য, গাউছিয়া কমিটি বাংলাদেশ নারায়ণগঞ্জ জেলার সাধারণ সম্পাদক সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ সাংগঠনিক পদে দায়িত্ব পালন করেন। ব্যক্তিগত জীবনে বিবাহিত আল্লামা বাকী বিল্লাহ আল-কাদেরী (রঃ) দুই পুত্র এবং এক কন্যা সন্তানের জনক। অত্যন্ত দুঃখজনক অধ্যায় হলো ২০০৪ সালের ২২ মে। রাতে চাঁদপুর ফরিদগঞ্জের একটি ওয়াজ-মাহফিল থেকে ফেরার পথে তিনি নিখোঁজ হন। তার অন্তর্ধানে সকল স্তরের মানুষের মাঝে নেমে আসে শোকের ছায়া হয়তো তিনি এ জগত থেকে বিদায় নিয়েছেন। আমরা আল্লাহপাকের দরবারে তাঁর জন্য মাগফিরাত কামনা করছি।

$-\$Y$

$21R_{gvb}$
